

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৬৮

১/ বিবিধ

আরবী

إن أناسا من أهل الجنة يتطلعون إلى أناس من أهل النار، فيقولون: بم دخلتم النار؟ فوالله ما دخلنا الجنة إلا بما تعلمنا منكم؟ فيقولون: إنا كنا نقول ولا نفعل
ضعيف جدا

رواه الطبراني في "الأوسط" (رقم 97) وعنه ابن عساكر (17/434/2) عن زهير ابن
عباد الرواسي: حدثنا أبو بكر الداهري بن عبد الله بن حكيم عن إسماعيل بن أبي
خالد عن الشعبي عن الوليد بن عقبة مرفوعا. وقال الطبراني: "لم يروه عن إسماعيل
بن أبي خالد إلا أبو بكر الداهري
قلت: وهو متروك، وقال الهيثمي (7/276): "رواه الطبراني في "الأوسط"، وفيه أبو
بكر الداهري وهو ضعيف جدا
وأشار المنذري في "الترغيب" (3/174) إلى تضعيفه

বাংলা

১২৬৮। জান্নাতী কতিপয় ব্যক্তি জাহান্নামী কতিপয় ব্যক্তিকে উকি মেরে দেখবে। অতঃপর বলবেঃ তোমরা কী কারণে জাহান্নামে প্রবেশ করেছো? আল্লাহর কসম আমরা তোমাদের নিকট থেকে যা কিছু শিখেছিলাম সেগুলোর দ্বারাই জান্নাতে প্রবেশ করেছি। তারা বলবেঃ আমরা বলতাম, কিন্তু আমরা (নিজেরা) করতাম না।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি ত্ববারানী “আল-আওসাত” গ্রন্থে (নং ৯৭) আর তার উদ্ধৃতিতে ইবনু আসাকির (২/৪৩৪/১৭) যুহায়ের ইবনু ইবাদ রাসেবী হতে, তিনি আবু বাকর দাহেরী ইবনে আদ্দিল্লাহ ইবনে হাকীম হতে, তিনি ইসমাইল ইবনু

আবী খালেদ হতে, তিনি শাবী হতে, তিনি ওয়ালীদ হতে, তিনি উকবাছ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইমাম ত্ববারানী বলেনঃ ইসমাইল ইবনু আবী খালেদ থেকে আবু বাকর দাহেরী ব্যতীত অন্য কেউ হাদীসটি বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তিনি মাতরুক। হায়সামী (৭/২৭৬) বলেনঃ হাদীসটি ত্ববারানী “আল-আওসাত” গ্রন্থে বর্ণনা করেছেন। তার সনদে বর্ণনাকারী আবু বাকর দাহের রয়েছে, তিনি খুবই দুর্বল। মুনযেরী “আত-তারগীব” গ্রন্থে (৩/১৭৪) তাকে দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72147>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন